

## পাঠ পরিকল্পনা-২ (শ্রেণি : নবম)

**অধ্যায়-১ : আকাঙ্ক্ষ ও নৈতিক জীবন**

**পাঠ-১ : ইসলাম**

**সময় : ৩৫ মিনিট**

সময়	বিবরণ
৫ মিনিট	<p>উপস্থিতি পর্যালোচনা, পূর্বপাঠ পর্যালোচনা ‘শিক্ষা ও ইসলামি শিক্ষার ধারণা’      পূর্বজ্ঞান পরীক্ষা- ১. ইসলাম অর্থ কী?      ২. ইসলামের সাথে ইমানের সম্পর্ক কী?</p>
১৫ মিনিট	<p>বইয়ের শুরুতে আকাঙ্ক্ষ সম্পর্কিত আলোচনা থাকলেও। আকাঙ্ক্ষ বুঝাতে হলে ইসলাম ও ইমান বুঝাতে হবে। তাই আমরা শুরুতে ইসলাম ও ইমান নিয়ে আলোচনা করবো।</p> <p><b>ইসলাম</b></p> <p>ইসলাম নিচক একটি ধর্ম নয়। যেমনটি ধর্মের উৎপত্তিগত বিবেচনায় ধর্ম শব্দটি ‘ধৃ’ ধাতুর সাথে ‘মন’ প্রত্যয় যোগে গঠিত, যাতে ‘ধৃ’ অর্থ ধারণ করা। অর্থাৎ, যা আমাদের ধারণ করে কিংবা যাকে ধারণ করে আমাদের জীবনধারা বহমান তাই ধর্ম। পক্ষান্তরে ইসলাম প্রচলিত ধর্মীয় ধারণার পাশাপাশি একটি পূর্ণাঙ্গ জীবনাদর্শ, যাকে ইসলামি পরিভাষায় দীন বলা হয়।</p> <p><b>ইসলাম (অভিধানিক ও পারিভাষিক অর্থ) :</b> ইসলাম (إِسْلَام) অর্থ আত্মসমর্পণ করা (Surrender) বিনয়াবন্ত হওয়া, আনুগত্য করা (Submission) নির্দিষ্ট আদেশ নিষেধ মান্য করা, শান্তির পথে চলা।</p> <p>আবু হানিফা (র.) বলেন, “আল্লাহ ও তাঁর রাসূলের নির্দেশসমূহ মেনে চলাই হলো ইসলাম।”</p> <p>শরিয়তের পরিভাষায়, আল্লাহ তাআলার প্রতি আন্তরিকভাবে বিশ্বাস স্থাপন করে তাঁর নিকট পরিপূর্ণভাবে আত্মসমর্পণ করা, বিনা দিধায় তাঁর যাবতীয় আদেশ নিষেধের আনুগত্য করা এবং তাঁর দেয়া বিধান ও হয়রত মুহাম্মদ (সা.)-এর দেখানো পথ অনুসারে জীবনযাপন করাকে ইসলাম বলা হয়।</p> <p>সৈয়দে আমীর আলী বলেন- Islam is not a mere creed. It is a life to be lived in the present, a religion of right doing, right thinking and right speaking, founded on divine love, Universal charity and the equality of man in the sight of the Lord. আল্লাহর প্রতি আনুগত্য ও তার বশ্যতা স্বীকার করে নেয়া যে ধর্মের লক্ষ্য তারই নাম ইসলাম, অপরদিকে আল্লাহর প্রেরীত দীনকে ইসলাম বলা হয় এজন্য যে, সে অনুযায়ী মানুষের নিজের সত্তাকে সম্পূর্ণরূপে আল্লাহর নিকট সোপার্দ করে দিতে হয়; আল্লাহর নিরংকুশ আনুগত্যই নিজেদের জীবনের আদর্শ ও পছারূপে গ্রহণ করতে হয়।</p> <p>শরিয়তের সর্বশেষ ও পূর্ণাঙ্গরূপ হলো ইসলাম।</p>
৫ মিনিট	<p><b>ইসলামের সাথে আকীদার সম্পর্ক</b></p> <p>ইসলামের সাথে আকীদার সম্পর্ক রয়েছে। কারণ ইসলামের ৫টি মূলভিত্তির একটি হলো ঈমান। আর ঈমানের তিন দিকের একটি হলো অন্তরে বিশ্বাস করা, যা আকাঙ্ক্ষ নামে পরিচিত। ইসলামের দাবী দুটি। অর্থাৎ, যিনি ইসলাম গ্রহণ করেন তাকে মুসলিম বলা হয়। নিজেকে মুসলিম বলে দাবী করতে হলে দুটি কাজ করা জরুরী।</p> <ol style="list-style-type: none"> <li><b>১. আকীদা সহীহ করা :</b> এটি হলো বিশ্বাসের সাথে সম্পর্কিত বিষয়াদি। তথা আল্লাহ, নবী-রাসূল, তাকদীর, জান্নাত-জাহান্নাম ইত্যাদির উপর বিশ্বাস। এ বিষয়গুলো কুরআন ও হাদিস দ্বারা প্রমাণিত। এগুলো সম্পর্কে স্বচ্ছ ও বিশুদ্ধ ধারণা রাখা।</li> <li><b>২. ইবাদাত :</b> এটি হলো ইসলামের আচরণগত বা প্রায়োগিক দিক। এগুলো হলো নামায, রোয়া, হজ্জ, যাকাত ইত্যাদি।</li> </ol>
৫ মিনিট	<p><b>ইসলামের সাথে ইমানের সম্পর্ক</b></p> <p>আন্তরিক বিশ্বাসের নাম হলো ঈমান আর প্রকাশ্য আনুগত্যের নাম হলো ইসলাম। এ দুটোর মাঝে যেমন</p>

	<p>কিছু পার্থক্য আছে তেমনি কিছু সম্পর্কও পরিলক্ষিত হয়। ইসলামের প্রধান ও প্রথম মূল বিষয় হচ্ছে ঈমান। ইসলাম হলো অনিদিষ্ট আর ঈমান হলো নির্দিষ্ট। সুতরাং যে মুসলিম সেই মুমিন। কিন্তু শুধু মুমিন হলেওই সে মুসলিম নয়। এজন্যই কুরআনে বলা হয়েছে। তোমরা মুসলমান না হয়ে মৃত্যবরণ করো না। অর্থাৎ, ইসলামই হলো সর্বশেষ ও পরিপূর্ণ জীবনব্যবস্থা।</p> <p>ইসলামের মূল বিষয়গুলোর মাঝে ঈমানের অবস্থান সবার ওপরে। ঈমানের সাথে ইসলামের ঘনিষ্ঠ ও অবিচ্ছেদ্য সম্পর্ক বিদ্যমান। একটি আরেকটির অবিচ্ছেদ্য অঙ্গ।</p> <p>ইমান হলো একটি গাছের মূল আর ইসলাম হলো এর মূল ও শাখা-প্রশাখাসহ সমগ্র গাছ। এছাড়াও একটি আরেকটির পরিপূরক। ইসলাম ব্যতীত ঈমানের যেমন কোনো ভিত্তি নেই, তেমনি ঈমান ছাড়া ইসলামের কোনো অস্তিত্ব পাওয়া যায় না। তাই ঈমান ও ইসলাম শব্দের অর্থের মধ্যে পার্থক্য থাকলেও উভয়ের মধ্যে রয়েছে সুনিবিড় সম্পর্ক।</p>
৫ মিনিট	<p><b>পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা ইসলাম</b></p> <p>ইসলাম অন্যান্য ধর্মের ন্যায় কেবল আরাধনা তথা স্মৃষ্টির সন্তুষ্টি অর্জনে উপাস্য অর্থাৎ, উপাসনালয় ভিত্তিক ধর্ম নয়। ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। মানবজীবনের প্রতিটি ক্ষেত্রে- তথা পরিবার, সমাজ, রাষ্ট্র, অর্থনীতি, আন্তর্জাতিক সকল ক্ষেত্রে ইসলাম সুষ্ঠু সমাধান নির্ধারণ করেছে।</p>
৫ মিনিট	<p style="text-align: center;"><b>শিক্ষার্থীদের পিডব্যাক/পাঠোভ্রত মূল্যায়ন</b></p> <p>রহিম সাহেবে একজন ধার্মিক ব্যক্তি। তিনি জানেন, ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন বিধান। এ বিধানের পূর্ণ অনুসরণ সকালের জন্য অপরিহার্য। তথাপি তিনি পরিবারের সদস্যদের এ বিষয়ে উৎসাহিত করেন না। তিনি বিশ্বাস করেন, পরকালে প্রত্যেককে ব্যক্তিগত কাজের জন্য হিসাব দিতে হব, কেউ ইসলামের অনুসরণ না করলে ব্যক্তিগতভাবে সে দায়ী থাকবে।</p> <p>ক. ইসলাম কেমন জীবন বিধান?</p> <p>খ. মুসলমান বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর।</p> <p>গ. উদ্দীপকে বর্ণিত অবস্থার ক্ষেত্রে রহিম সাহেবের পারিবারিক দায়িত্ব ব্যাখ্যা কর।</p> <p>ঘ. উদ্দীপকে বর্ণিত অবস্থার ক্ষেত্রে রহিম সাহেবের পরকালীন পরিণতি কী হতে পারে বলে তুমি মনে কর? মতামত দাও।</p>